দৈনিক সংবাদ

২৯/৮/২০০১

তারিখ ...
পৃষ্ঠা – ৭ ... কলাম ... ৪ ...

# আগস্ট যায় যায়, তারপরও তাদের জুন মাসের সরকারি অংশের বেতনের খবর নেই

বাজিতপুর থেকে নিজস্ব সংবাদদাতা ঃ ২০০১ খ্রিষ্টাব্দের আগস্ট মাসের অর্ধেক চলে যাওয়া সত্ত্বেও আজ পর্যন্ত বেসরকারি স্কুল-কলেজ ও মাদ্রাসা শিক্ষক-শিক্ষিকাদের জুন মাসের সরকারি অংশের ৯০ ভাগ বেতনের কোন খবর নেই। যেখানে জুন মাসেরই বেতনের খবর নেই, সেখানে জুলাই মাসের বেতন প্রাপ্তির তো প্রশ্নই ওঠে না। বিষয়টি অবিশ্বাস্য হলেও সত্যি। আগস্ট মাসের অর্ধেকে জুন মাসেরই বেতন না পাওয়াতে বেসরকারি স্কুল-কলেজ ও মাদ্রাসার শিক্ষকদের মনে তীব্র ক্ষোভের সঞ্চার হয়েছে এবং পরিবার-পরিজন নিয়ে তারা কষ্টে জীবনযাপন করছেন। শিক্ষকদের জিজ্ঞাসা, এ ব্যাপারে কি তত্ত্বাবধায়ক সরকারের কোনই দায়িত্ব নেই। শিক্ষকদের বেতন সংক্রান্ত দুরবস্থা কবে লাঘব হবে, এই প্রশ্ন সংশ্লিষ্ট সকলের।

## কর্মশালা

গত ১৮ই আগস্ট "চেতনা পরিবেশ ও মানব উন্নয়ন সংস্থা" কুলিয়ারচর শাখার উদ্যোগে ১ দিনের এক কর্মশালা কুলিয়ারচর চেতনা কার্যালয়ে অনুষ্ঠিত হয়। মিসেস ফরিদা ইয়াসমিন সামাদীর সভাপতিত্বে অনুষ্ঠিত কর্মশালায় সমাজের গণ্যমান্য ব্যক্তিবর্গ, নারী প্রতিনিধি ও জনপ্রতিনিধিরা অংশগ্রহণ করেন। কর্মশালায় আলোচনায় অংশ নেন- জেলা নারী উন্নয়ন কেন্দ্রের সম্পাদিকা সাজেদা আক্তার সেলিনা, পৌরসভার কমিশনার ও উপজেলা নারী উদ্যোগ কেন্দ্রের সভানেত্রী রহিমা আক্তার, অধ্যাপিকা সেলিনা আক্তার, অধ্যাপিকা শিউলি আক্তার, শিক্ষিকা শিরীন আক্তার, চয়নিকা দাস, মায়া রানী দাস, পুরুষ সংগঠনের পক্ষ থেকে চিত্তরঞ্জন শীল ও চেতনার সভাপতি জহিরুদ্দীন। কর্মশালায় সঞ্চালকের দায়িত্ব পালন করেন সংস্থার নির্বাহী পরিচালক মো মসা।